

### সভার সংশোধিত বিজ্ঞপ্তি


পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের বিজ্ঞপ্তি নং-২০.০০.০০০০.৩০৯.০২.২৪৫.২৪-১৩৪, তারিখঃ ২৫/০৩/২০২৪ এর মাধ্যমে জারিকৃত গবেষণা ও স্টিয়ারিং কমিটির ৫৭তম সভা **আগামী ০১ এপ্রিল, ২০২৪ তারিখ (১৮ চৈত্র, ১৪৩০) (সোমবার) সকাল ১০:০০ ঘটিকায় জুম প্ল্যাটফরমে** পরিকল্পনা বিভাগের সিনিয়র সচিব জনাব সত্যজিত কর্মকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

০২। সভার আলোচ্য বিষয় নিম্নরূপঃ

(১)	সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের গবেষণা ও স্টিয়ারিং কমিটির ৫৬তম সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
(২)	২০২৪-২৫ অর্থবছরের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত নতুন গবেষণা প্রস্তাবনাসমূহের মধ্যে যে সকল প্রস্তাবনা সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা-২০২৪ অনুযায়ী মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়িত ও বিবেচিত হয়েছে এবং 'প্রস্তাবনা যাচাই-বাছাই ও অর্থায়ন সংক্রান্ত উপকমিটি' কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়েছে সে সকল গবেষণা প্রস্তাবনা গ্রহণের জন্য চূড়ান্তকরণ;
(৩)	২০২৪-২৫ অর্থবছরের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত নতুন গবেষণা প্রস্তাবনাসমূহের মধ্যে যে সকল প্রস্তাবনা সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা-২০২৪ অনুযায়ী মূল্যায়নকারী কর্তৃক বিবেচিত হয়নি এবং 'প্রস্তাবনা যাচাই-বাছাই ও অর্থায়ন সংক্রান্ত উপকমিটি' কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়নি সে সকল গবেষণা প্রস্তাবনা বাতিলকরণ;
(৪)	প্রাতিষ্ঠানিক গবেষণা ও প্রশিক্ষণের বিষয়ে পরিকল্পনা বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) অনুমোদন ও মঞ্জুরি প্রদানে চূড়ান্ত সম্মতি;
(৫)	বিবিধঃ সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের গবেষণা ও স্টিয়ারিং কমিটির গত ৫৬তম সভায় শিরোনাম সুস্পষ্ট না থাকায় আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী ০২ জন গবেষক কর্তৃক প্রস্তাবিত সংশোধিত শিরোনাম উপস্থাপন ও অনুমোদন।

০৩। উক্ত জুম প্ল্যাটফরম সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে যুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Meeting ID: 84302555878  
Passcode: 123456

  
২৮/০৩/২০২৪  
(মোঃ লুৎফর রহমান)  
গবেষণা কর্মকর্তা

ও  
সদস্য-সচিব, গবেষণা ও স্টিয়ারিং কমিটি  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা  
(সদস্য পদমর্যাদার একজন প্রতিনিধি জুম প্ল্যাটফরম সভায় যুক্ত থাকার অনুরোধসহ)।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৫। যুগ্ম-সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৬। ডিন/প্রতিনিধি, সামাজিকবিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। ডিন/প্রতিনিধি, কৃষি ব্যবসায় ব্যবস্থাপনা অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৮। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা  
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী সচিব-২ ও গবেষণা কর্মকর্তা-২, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। জনাব শূভ্রম শাহ বণিক, সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (জুম মিটিং এ টেকনিক্যাল সহায়তা প্রদানের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।